

তারিখ: ০২/১২/২০২০

তারিখ:

সি. এ.

কম্পিউটার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধানমন্ত্রীর কার্যালয়
 পুরাতন সংসদ ভবন, ঢাকা।

নং ৪১৬২ তাং ৬/১২/২০২০

স্বাক্ষরিত/জরুরী/স্বাক্ষরিত/স্বাক্ষরিত

১-পরিচালক

২-জেঃ প্রঃ (সিঃ)

৩-জেঃ প্রঃ (সিঃ)

৪-জেঃ ম্যঃ

৫-কমিশনার (গোঃ)

জেঃ প্রঃ

পত্র সংখ্যা ০৩.০৪.২৬৯০.৮৭৬.০৪৩.০০৮.২০১৮-৩১

তারিখ ০৮ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
 ২৩ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ


ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) উচ্চ শিক্ষাবৃত্তি বিজ্ঞপ্তি

বিষয়: বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)-শীর্ষক কর্মসূচির আওতায় সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের শিক্ষা বৃত্তি-২০২০ এর আবেদন আহ্বান।

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন “বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)-শীর্ষক কর্মসূচির আওতায় সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের সহায়তা প্রদানের লক্ষ্যে সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানের কার্যক্রম পরিচালিত হচ্ছে। চলতি ২০২০-২১ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়/সমতুল্য পর্যায়ে অধ্যয়নরত স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে: (ওয়েব পোর্টাল ঠিকানা: empl.pmo.gov.bd)

আবেদনের শর্তাবলী:

- ১। আবেদনকারী শিক্ষার্থীদের অবশ্যই বাংলাদেশের সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত নাগরিক হতে হবে। এক্ষেত্রে আবেদনকারী পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্য যেকোন জেলার স্থায়ী বাসিন্দা হতে পারেন।
- ২। আবেদনকারী শিক্ষার্থীকে অবশ্যই বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
- ৩। আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যাদি প্রদান করতে হবে। আবেদনকারীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষার ফলাফল সংশ্লিষ্ট বোর্ডের মাধ্যমে সয়ংক্রিয়ভাবে যাচাই করে নেয়া হবে।
- ৪। আবেদনকারীকে আগামী ০১/১২/২০২০ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে ৩১/১২/২০২০ খ্রি. বিকাল ৫.০০ টার মধ্যে নিম্নলিখিত ওয়েব পোর্টালে প্রবেশ করে আবেদন করতে হবে (empl.pmo.gov.bd)। অনলাইন আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না এবং নির্ধারিত তারিখের পরে কোন শিক্ষার্থী আবেদন করতে পারবে না। অনলাইনে আবেদন করলে আবেদনকারী একটি ১২ ডিজিটের ইউনিক ইউজার আইডি ও ৬ ডিজিটের পাসওয়ার্ড পাবেন। আবেদনটি গৃহীত হলে একটি স্বয়ংক্রিয় এসএমএস-এর মাধ্যমে তা নিশ্চিত করা হবে। নির্বাচিত শিক্ষার্থীর আবেদনে প্রদত্ত ব্যাংক হিসাব নম্বরে বৃত্তির অর্থ স্বয়ংক্রিয়ভাবে প্রেরিত হবে। এক্ষেত্রেও আবেদনকারীকে এসএমএসের মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে।
- ৫। বৃত্তির প্রার্থীতার জন্য অনলাইনে আবেদনই যথেষ্ট। এজন্য কোন ব্যক্তি, দপ্তর বা প্রতিষ্ঠানের সাথে কোনরূপ যোগাযোগের প্রয়োজন নেই।
- ৬। অনলাইন-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী ও প্রয়োজনীয় সকল তথ্য ওয়েব পোর্টালে পাওয়া যাবে।
- ৭। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত ডকুমেন্ট স্ক্যান করে অবশ্যই সংযুক্ত করতে হবে:
 - ক) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংক্রান্ত সনদ
 - খ) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত পরিচয়পত্র/প্রত্যয়নপত্র
 - গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ
 - ঘ) এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশের সনদ


 ২৬/১১/২০২০
 (দেবশিস কুমার দাস)
 গবেষণা কর্মকর্তা
 ☎ ৫৫০২৯৫৩০
 ই-মেইল: ro@pmo.gov.bd